

কোস্ট ট্রাস্ট, ঢাকা। তারিখ: ২০ নভেম্বর, ২০১৪।

প্রতি: নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী।

বিষয়: চেক এবং ব্যাংক জমা স্লিপ লিখা ও গ্রহণের নিয়মাবলী।

প্রিয় সহকর্মীবৃন্দ,

ব্যাংক লেনদেনকে স্বচ্ছ ও আরো শক্তিশালী করার নিমিত্তে আপনাদের অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেক এবং ব্যাংক জমা স্লিপ লিখা ও গ্রহণের নিয়মাবলী আপনাদের বরাবরে উপস্থাপন করা হলো।

১. চেক লিখার নিয়মাবলী:


- ১.১ প্রথমে চেকের ডান পাশের উপরের কোণায় তারিখের ঘরে সঠিকভাবে তারিখ লিখতে হবে। Party Payment এর ক্ষেত্রে ব্যবসা প্রতিষ্ঠানের নাম লিখতে হবে।
- ১.২ **Pay To** এর জায়গায় যাদের মাধ্যমে চেক উত্তোলন করা হবে তাদের যেকোন একজনের নাম লিখতে হবে।
- ১.৩ চেকের পাতায় **The sum of Taka** যেখানে শেষ হয়েছে সেখান থেকে টাকার অংক কথায় লিখা শুরু করতে হবে। কথায় লিখার শব্দগুলোর মাঝখানে সমান চিহ্ন দিয়ে ব্লক করে দিতে হবে। কথায় লিখা শেষ হলে 'মাত্র' বা '**Only**' কথাটি লিখার পর একটি লম্বা টান দিয়ে দিতে হবে। যেমন:
=Two=thousand=Five=hundred=only-----.
- ১.৪ চেকের পাতায় টাকার পরিমাণ অংকে লিখার বক্সে সমান চিহ্ন দিয়ে **Figure** লিখা শুরু করতে হবে এবং '/'- চিহ্ন দিয়ে লিখা শেষ করতে হবে। টাকার অংকগুলো যথাসম্ভব কাছাকাছি লিখতে হবে যাতে করে এর মাঝখানে কোন অংক বসানো না যায়। যেমন:

২ ৫ ০ ০ /-

 না লিখে লিখতে হবে

=২৫০০/-

। চেক লিখার সময় কোন কাটাকাটি বা **Over writing** গ্রহণযোগ্য নয়।
- ১.৫ বর্তমানে থেকে কোন অগ্রিম তারিখের চেকে স্বাক্ষর করা যাবে না এবং কোন ব্ল্যাংক চেকে স্বাক্ষর করা যাবে না। চেকে স্বাক্ষর করার সময় যে সকল চেক **A/C Payee** যাবে সেগুলোর চেকে **A/C Payee** সিল দেয়ার পর স্বাক্ষর করতে হবে। **A/C Payee** সিল চেকের মূল পাতায় এবং মুরিতেও দিতে হবে।
- ১.৬ একদিনে দুটি চেকে স্বাক্ষর করা যাবে না। চেকে স্বাক্ষর করার সময় উপরোক্ত নিয়মগুলো মানা হয়েছে কিনা তা দেখে স্বাক্ষর করতে হবে। এখানে উল্লেখ্য যে, টাকার অংক চেক সিলিং এর চেয়ে বেশী লিখলে সে চেকে স্বাক্ষর করা যাবে না।
- ১.৭ চেকের সকল লিখাই স্পষ্টাক্ষরে হতে হবে এবং লিখাগুলো যাতে ভালভাবে বুঝা যায় সেভাবে লিখতে হবে।


20.11.2014

২. ব্যাংক জমা স্লিপ লিখা ও গ্রহণের নিয়মাবলী:

- ২.১ ব্যাংক জমা স্লিপে লিখাগুলো স্পষ্ট হতে হবে। প্রত্যেক শব্দের মাঝখানে সমান চিহ্ন দিয়ে ব্লক করে দিতে হবে।
- ২.২ টাকার অংক এবং কথায় লিখা শব্দগুলো যথাসম্ভব এমনভাবে কাছাকাছি লিখতে হবে যাতে করে মাঝখানে নতুন করে কোন অংক বা শব্দ লিখা না যায়। কোন রকম কাটাকাটি জমা স্লিপ গ্রহণযোগ্য নয়।
- ২.৩ টাকা জমা হওয়ার পর ব্যাংক থেকে যে জমা স্লিপ অফিসে আসবে সেখানে ব্যাংক থেকে টাকার অংক লাল কালি দিয়ে লিখা হয়েছে কিনা তা দেখতে হবে। জমা স্লিপে ব্যাংকের সিল ও তারিখ থাকতে হবে এবং যেকোন দুজন ব্যাংক অফিসারের স্বাক্ষর আছে কিনা তা যাচাই করতে হবে। এ বিষয়গুলো না থাকলে জমা স্লিপ গ্রহণ করা হবে না।
- ২.৪ জমা স্লিপ অফিসে আসার সাথে সাথে ব্যাংকে ফোন করে নিশ্চিত হতে হবে যে, যে পরিমাণ টাকা জমা দেয়ার জন্য জমা স্লিপে লিখা হয়েছিল সে পরিমাণ টাকা জমা হয়েছে কিনা।
৩. উপরোক্ত নিয়মাবলী যে কোন একটির ব্যত্যয় ঘটলে সাথে সাথে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। এ নিয়মাবলী যদি কেউ অগ্রাহ্য করেন তাহলে শাখা ব্যবস্থাপক/প্রকল্প সমন্বয়কারী বা শাখা হিসাব রক্ষক/প্রকল্প হিসাব কর্মকর্তা দায়ী থাকবেন এবং তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
৪. এ সকল নিয়মাবলী নিয়ে আগামী রবিবার (২৪ নভেম্বর ২০১৪) বিকেল ৪:০০ থেকে ৫:০০ পর্যন্ত এক ঘণ্টা সকল অফিসের অফিস প্রধানগণ তাদের সহকর্মীদের সাথে বিস্তারিত আলোচনা করবেন।
৫. এ সকল নিয়মাবলী বুঝতে কারো সমস্যা হলে নিম্ন স্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

এ ব্যাপারে আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ



সনত কুমার ভোঁমিক 20.11.2014

অনুলিপি:

নির্বাহী পরিচালক

অফিস কপি